



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী।

ফোন : ০৩২১-৬১৫৮৫, E-mail : crmnoakhali@krishibank.org.bd



বিষয় : জানুয়ারি, ২০২১ হতে মার্চ, ২০২১ সময়কালের ৩য় প্রান্তিকের
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব এ.এইচ.এম রেজাউল করিম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময় : ০২/০৩/২০২১ খ্রি: বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে নতুন অর্থ বছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম কেবলমাত্র মন্ত্রণালয়ের পয়েন্ট অর্জনের জন্য দায়সারাভাবে সম্পাদন না করে সর্বস্তরে এবং অত্র কার্যালয়সহ সকল শাখায় প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার জন্য আহ্বান জানান।

০২। সভাপতি মহোদয় জানুয়ারি, ২০২১ হতে মার্চ, ২০২১ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে উপস্থাপন করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :


- ৩.১) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ ১০০% বাস্তবায়নের জন্য অঞ্চলের শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের একান্ত সহযোগিতা কামনা করা হয়;
- ৩.২) সুশাসন প্রতিষ্ঠার জন্য বছরে ২-৪ বার অংশীজনের অংশগ্রহণে সকল লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের জন্য সভা/পর্যালোচনা সভার আয়োজন করতে হবে ও সভার সিদ্ধান্তসমূহ ১০০% বাস্তবায়ন করতে হবে;
- ৩.৩) অত্র অঞ্চলাধীন শাখার কর্মকর্তা/কর্মচারীদেরকে বিকেবি প্রধান কার্যালয়ের নির্দেশে প্রশিক্ষণ দেয়া হয়। এটি আরো বৃদ্ধি করতে হবে এবং প্রকৃত তথ্য সংরক্ষণের জন্য কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান/মনোনয়ন কপি শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের শুদ্ধাচার বাস্তবায়ন সেল এ প্রেরণ করতে হবে;
- ৩.৪) বিকেবি, কর্মচারী আচরণ বিধি বাস্তবায়ন, বিকেবি হিসাব ও ম্যানুয়েল, পরিপত্র ও প্রয়োগ এবং ১০০% বাস্তবায়ন করতে হবে;
- ৩.৫) ক) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮, খ) ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৮ পরিপালন, গ) ঋণের খাতে শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত সাকুলারের আওতায় নতুন গ্রাহকদের অধিকহারে ঋণ প্রদান ঘ) ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণে স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার স্বার্থে ব্যাংক কর্তৃক গ্রাহকের ঋণ প্রস্তাব নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;
- ৩.৬) বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত রেজিস্টারে সংরক্ষণ করতে হবে এবং সেবা প্রদানের গ্রাহক হয়রানি করা যাবেনা;
- ৩.৭) সামাজিক নিরাপত্তার আওতায় বিভিন্ন ভাতা/কর্মসূচী সমূহ সঠিক ও নৈতিকতার সাথে পরিপালন করতে হবে এবং প্রাপ্ত/বরাদ্দকৃত অর্থ সুষ্ঠুভাবে স্ব-স্ব হিসাবের মাধ্যমে বন্টন বিষয়ে পর্যালোচনা করা হবে;
- ৩.৮) স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি সমূহ বা সিটিজেন চার্টার শাখা/কার্যালয়ে দৃশ্যমান স্থানে প্রকাশ করার অগ্রগতি পর্যালোচনা করা হয়।
- ৩.৯) শাখা পরিদর্শণে জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল কর্মপরিকল্পনা সমূহ অর্ন্তভুক্ত করতে হবে;
- ৩.১০) গ্রাহক সেবা বিষয়ক শাখা/কার্যালয়ে গণশুনাগি/গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে;
- ৩.১১) শাখা/কার্যালয়ে শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম সমূহ পরিপালনের অগ্রগতি পর্যালোচনা করা হয়।
- ৩.১২) শাখা/কার্যালয়ে কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক স্বাস্থ্য বিধিমালা (কোভিড-১৯ প্রতিরোধে) অনুসরণ ও পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে সকল শাখায় সচেতনামূলক ব্যানার লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

২

পাতা-২

- ৩.১৩) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটের যথাযথ ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;
- ৩.১৪) প্রতি প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীসহ প্রতি প্রান্তিকের শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনার অগ্রগতির প্রতিবেদনসমূহ ওয়েবসাইটে আপলোডসহ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগকে অবহিত করতে হবে;
- ৩.১৫) ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাগে শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি যথাযথভাবে ও সঠিকভাবে আপলোড করার অগ্রগতি পর্যালোচনা করা হয়।
- ৩.১৬) প্রনোদনা প্যাকেজের সুদের হারসহ সকল প্রাসঙ্গিক তথ্য, ঋণ সহজীকরণ সার্কুলারের তথ্য স্বপ্রেনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদকরণে সংযোজন পর্যালোচনা করা হয়।
- ৩.১৭) অভিযোগ বন্ধ পরীক্ষা করে এ প্রান্তিকে কোন অভিযোগ পাওয়া যায়নি;
- ৩.১৮) সকলকে সকাল ১০.০০ ঘটিকার আগে অফিসে আসা ও ৬.০০ ঘটিকার পরে অফিস ত্যাগের প্রবণতা পর্যালোচনা করে কোন অনিয়ম পাওয়া যায়নি;
- ৩.১৯) কর্মপরিকল্পনা মোতাবেক আগামী জুন, ২০২১ এর মধ্যে অত্র অঞ্চলাধীণ সকল শাখা অনলাইন ব্যাংকিং সুবিধা প্রদানের আইসিটি অপারেশন বিভাগ এবং আইসিটি সিস্টেমস,মোবাইল ব্যাংকিং ও কার্ড ডিভিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে;
- ৩.২০) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ৩য় ত্রৈমাসিক/প্রান্তিকের (জানুয়ারি, ২০২১ হতে মার্চ, ২০২১) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে;

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


০২/০৩/২০২১
(এ,এইচ,এম রেজাউল করিম)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভার সভাপতি

সূত্র নং মুআকা/নোয়া/জাতীয় শুদ্ধাচার-০১/২০২০-২০২১/ ১৯২৪(১)

তারিখঃ ০২/০৩/২০২১ খ্রিঃ

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০৩। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
- ০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নোয়াখালী।
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, নোয়াখালী মুখ্য অঞ্চল।


০২/০৩/২০২১
(মোঃ শাহাব উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক